ভোরের কাগজ

তারিখ 06 FEB 1998
পৃষ্ঠা ১৮ কলাম ৮



অধ্যাপক মোঃ হাবিবুর রহমান

## শাহজালাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে অধ্যাপক মোঃ হাবিবুর রহমান

সিলেট প্রতিনিধি : শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক মোঃ হাবিবুর রহমানকে বিশ্ববিদ্যালয়টির উপাচার্য পদে নিয়োগ করা হয়েছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জামিল আহমদ চৌধুরী এক বিজ্ঞপ্তিতে জানান, বিশ্ববিদ্যালয় আইন ১৯৮৭-এর ১১(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বিশ্ববিদ্যালয়ের আচার্য মহামান্য রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ অধ্যাপক মোঃ হাবিবুর রহমানকে উপ-উপাচার্যের দায়িত্ব থেকে অব্যাহতি দিয়েছেন এবং ৪ বছরের মেয়াদে তাকে উপাচার্য নিয়োগ করেছেন। তার এ নিয়োগ গত ২০ জুলাই '৯৭ থেকে কার্যকর বলে গণ্য হবে।

অধ্যাপক হাবিবুর রহমান ইতিমধ্যেই গত ৪ ফেব্রুয়ারি তার নতুন পদে যোগদান করেছেন। নতুন দায়িত্বভার গ্রহণ করার পর তিনি হযরত শাহজালাল (রঃ)ও শাহপরান (রঃ)-এর মাজার জেয়ারত করেন এবং সিলেট কেন্দ্রীয় শহীদ মিনার ও বিশ্ববিদ্যালয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন।

উল্লেখ্য, চার বছরমেয়াদ শেষে গত জুলাই মাসে সাবেক উপাচার্য দায়িত্ব ত্যাগ করলে শাবি'র উপাচার্য পদটি শূন্য হয়ে পড়ে। তখন থেকে উপ-উপাচার্য অধ্যাপক হাবিবুর রহমান উপাচার্য হিসেবে অতিরিক্ত দায়িত্ব পালন করছিলেন।

## দুমাস অচলাবস্থার পর শাহজালাল বিশ্ববিদ্যালয় রোববার খুলছে

সিলেট প্রতিনিধি : শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সকল বর্ষের ক্লাস আগামী ৮ ফেব্রুয়ারি রোববার শুরু হবে। গতকাল আবাসিক হলসমূহ খুলে দেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয় অফিস খুলেছে গত বুধবার।

বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন সময়ে সংঘটিত সন্ত্রাসী ঘটনার প্রেক্ষিতে তদন্ত কমিটি গঠন এবং পরবর্তীকালে ঐ কমিটির সুপারিশ অনুযায়ী ১৭ জন ছাত্রকে শাস্তি প্রদানের জের হিসেবে গত ১০ ডিসেম্বর থেকে বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা দেখা দেয়। দীর্ঘ অচলাবস্থার পর পররাষ্ট্রমন্ত্রী আবদুস সামাদ আজাদের হস্তক্ষেপে অচলাবস্থার নিরসন হয় গত মাসের শেষ দিকে। এর পরপরই বিশ্ববিদ্যালয়ে ঈদের ছুটি ঘোষণা করা হয়।